

HUMAN RIGHTS FORUM BANGLADESH (HRFB)

সংবাদ বিবৃতি

ফেসবুকে আপত্তিকর পোস্টের অভিযোগে সুনামগঞ্জে সংখ্যালঘুদের বাড়িতে হামলা ভাঙচুরের ঘটনায় হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি)-এর তীব্র নিন্দা ও উদ্বেগ প্রকাশ এবং দায়ীদের বিরুদ্ধে তদন্তসাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জোর দাবি

[১৮ মার্চ ২০২১, ঢাকা] হেফাজতে ইসলাম-বাংলাদেশ এর কেন্দ্রীয় নেতা মাওলানা মামুনুল হককে নিয়ে ফেসবুকে আপত্তিকর পোস্ট দেওয়ার অভিযোগে সুনামগঞ্জ জেলার শাল্লা উপজেলার নোয়াগাঁও গ্রামে সংখ্যালঘুদের বাড়িতে হামলা, ভাঙচুর ও লুটপাট চালানো হয়েছে। হামলার পর থেকে এলাকার সংখ্যালঘু পরিবারগুলো ভয়-আতঙ্কে আছে। হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি) সংখ্যালঘুদের বাড়িঘরে এমন ন্যাক্কারজনক হামলার তীব্র নিন্দা জানাচ্ছে, সেই সাথে এমন ঘটনার পুনরাবৃত্তিরোধে তদন্তসাপেক্ষে হামলাকারীদের চিহ্নিত করে আইনের আওতায় নিয়ে আসার জোর দাবি জানাচ্ছে। পাশাপাশি ফোরাম সংখ্যালঘু পরিবারগুলোর যথাযথ নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করা এবং ক্ষতিগ্রস্ত পরিবারগুলোর জন্য দ্রুত ক্ষতিপূরণের ব্যবস্থা করার আহ্বান জানাচ্ছে।

ফেসবুকে পোস্ট দেয়ার অভিযোগ উঠার পর থেকেই এলাকায় চরম উত্তেজনা বিরাজ করছিলো। পুলিশ অভিযোগের প্রেক্ষিতে এক যুবককে গ্রেফতার করলেও আশেপাশের কয়েকটি গ্রামের লোকজন জড়ো হয়ে লাঠিসোঁটা নিয়ে সংখ্যালঘুদের বাড়িতে হামলা চালায়। হামলার পূর্বেই আতঙ্কগ্রস্ত সংখ্যালঘু পরিবারগুলো পাশের গ্রাম ও হাওরে আশ্রয় নেয়। এলাকায় উত্তেজনা বিরাজ করার পরও স্থানীয় প্রশাসন কোনো কার্যকর ব্যবস্থা নেয়নি। হামলার পর এখনও অনেক পরিবার নিজ বাড়িতে ফিরে আসেনি। তাদের মধ্যে তীব্র ভয় ও নিরাপত্তাহীনতা বিরাজ করছে।

সামাজিক মাধ্যমে দেয়া পোস্ট নিয়ে প্রায়শই সংখ্যালঘুদের ওপর হামলার ঘটনা ঘটছে। এসব ঘটনার সুষ্ঠু তদন্ত বা বিচার না হওয়ায় এর পুনরাবৃত্তি হচ্ছে। ফোরাম মনে করে, এ ধরনের প্রতিটি ঘটনার সুষ্ঠু তদন্ত, বিচার ও জবাবদিহিতা নিশ্চিত হওয়া আবশ্যিক। এরূপ পরিস্থিতি এড়ানোর জন্য পুলিশ ও প্রশাসনের পক্ষ থেকে স্থানীয় নাগরিক সমাজের সাথে নিয়মিত আলাপ-আলোচনা এবং সেই সাথে একটি প্রতিরোধ কমিটি তৈরি করার আহ্বান জানাচ্ছে ফোরাম।

Secretariat:

Ain o Salish Kendra (ASK), 2/16, Block-B, Lalmatia, Dhaka-1207

Phone: 8126047, 8126134, 8126137, Fax: 8126045

Email: ask@citechco.net web: www.askbd.org

Forum Members:

Ain o Salish Kendra (ASK), Acid Survivors Foundation (ASF), Association for Land Reform and Development (ALRD), **Bandhu Social Welfare Society (BSWS)**, Bangladesh Adivasi Forum, Bangladesh Dalit and Excluded Rights Movements (BDERM), Bangladesh Institute of Labor Studies (BILS), Bangladesh Legal Aid & Services Trust (BLAST), Bangladesh Mahila Parishad (BMP), FAIR, Kapaeeng Foundation, Karmojibi Nari (KN), Manusher Jonno Foundation (MJF), Nagorik Uddyog, Naripokkho, National Alliance of Disabled Peoples' Organizations (NADPO), Nijera Kori, Steps Towards Development (Steps), Transparency International Bangladesh (TIB), Women with Disabilities Development Foundation (WDDF).